# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বেলায়াত, আওলিয়া ও ইলম বিষয়ক

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ১৫. যার ওয়াজদ বা উন্মত্ততা নেই তার ধর্মও নেই, জীবনও নেই

গানের মাজলিসে আবেগে উদ্বেলিত হয়ে অচেতন হওয়া বা নাচানাচি করাকে ইশকের বড় নিদর্শন বলে গণ্য করা হতো। জালিয়াতরা এ বিষয়ে কিছু হাদীস বানিয়েছে। এরূপ একটি ‘হাদীস’ উল্লেখ করা হয়েছে:

مَنْ لاَ وَجْدَ لَهُ لاَ حَيَاةَ لَهُ/ لاَ دِيْنَ لَهُ

“যার ‘ওয়াজদ’ বা উত্তেজনা-উন্মত্ততা নেই তার জীবন নেই/ধর্ম নেই।”[1]

এ কথাটিও সম্পূর্ণ ভিত্তিহীন সনদহীন বানোয়াট কথা।

## ফুটনোট

[1] সিররুল আসরার, পৃ. ৮৬, ৮৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4876

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন